

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.১৭৮.২২. ১০৬৬


তারিখ: ১৯/০৯/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : আইজিএ ভিত্তিক ও কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ আয়োজনের প্রস্তুতি গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের আওতায় ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩ দিন মেয়াদী আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ ও হাই স্কুলগামী কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণের সংস্থান রয়েছে। সে আলোকে ইতোমধ্যে উপজেলা পর্যায়ে ১ ব্যাচ আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ ও ২টি স্কুলের জন্য ১ ব্যাচ করে কিশোরীদের প্রশিক্ষণের অর্থ ছাড়া করা হয়েছে।

২। উল্লেখ্য, ০৩ দিন মেয়াদী আইজিএ ভিত্তিক প্রশিক্ষণের জন্য প্রতি ব্যাচে ৩০ জন করে সুফলভোগী অংশ গ্রহণের সুযোগ রয়েছে। সে আলোকে প্রতি ব্যাচের বিপরীতে ৩০ জন করে সুফলভোগী চূড়ান্তকরণসহ ১০ জনকে অপেক্ষমান তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে। তাছাড়া আইজিএ ভিত্তিক প্রশিক্ষণের সম্ভাব্য তারিখ ও আইজিএ নির্ধারণ করে প্রশিক্ষণ শুরুর ন্যূনতম ৫ দিন পূর্বে প্রকল্প সদর দপ্তরকে অবহিত করতে হবে। প্রকল্প সদর দপ্তর হতে নিশ্চিতকরণ সাপেক্ষে প্রশিক্ষণ পরিচালনা করতে হবে।

৩। এমতাবস্থায় প্রকল্পের ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের স্বার্থে ০৩ দিন মেয়াদী আইজিএ ভিত্তিক প্রশিক্ষণের সম্ভাব্য তারিখ ও আইজিএ নির্ধারণ এবং হাই স্কুলগামী কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণের সম্ভাব্য তারিখ চূড়ান্ত করে ন্যূনতম ৫ দিন পূর্বে প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।


মোহাম্মদ কাদের আলম
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
বিআরডিবি, উপজেলা.....(প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: (প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল জেলা)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা: (প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।
৫. অফিস নথি।